



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা
www.noakhali.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.১৪.০০১.২৩.১৩৬

তারিখ: ২০ ভাদ্র ১৪৩০

০৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে নির্মিত “মুজিব ভাই” অ্যানিমেশন মুভির প্রচার/প্রদর্শনী প্রসঙ্গে।

সূত্র: ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পত্র নং ৫৬.০০.০০০০.০৪৩.১৪.০০৯.২১.১৪৯;

তারিখ: ২০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোবাইল গেইম ও অ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্পের মাধ্যমে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ অবলম্বনে সম্প্রতি “মুজিব ভাই” অ্যানিমেশন মুভি নির্মাণ করা হয়েছে। ৪৮ মিনিট ১৫ সেকেন্ডের অ্যানিমেশন মুভিটির অনুকূলে গত ২৬ জুন ২০২৩ তারিখে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কর্তৃক সনদপত্র প্রদান করা হয়। “মুজিব ভাই” অ্যানিমেটেড মুভির মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর জীবনাদর্শকে ডিজিটাল পদ্ধতিতে নতুন প্রজন্মের কাছে তুলে ধরা ও সংরক্ষণ করা সম্ভব হবে। নতুন প্রজন্মের শিশু-কিশোরদের কাছে বঙ্গবন্ধুর জীবন গল্প পৌঁছে দেয়া ও তাদেরকে জানানোর জন্য অ্যানিমেশন চলচ্চিত্র সবচেয়ে ভালো একটি মাধ্যম। তাছাড়া সহজে সকল বয়সের মানুষের কাছে বঙ্গবন্ধুর জীবনাদর্শ উপস্থাপন করার অন্যতম মাধ্যমও এটি। দেশের জনসাধারণ ও নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের প্রতি উদ্বুদ্ধ করতে অ্যানিমেটেড মুভিটি বিশেষ অবদান রাখবে। অ্যানিমেশন চলচ্চিত্রে এবং অ্যানিমেশন শিল্পে দেশের তরুণদের উদ্বুদ্ধ করতে সর্বোপরি দেশের অ্যানিমেশন শিল্পকে এগিয়ে নিতে এ মুভি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জুন ২০২৩ থেকে মুভিটি বিভিন্ন ওটিটি প্ল্যাটফর্মে প্রচারিত হচ্ছে এবং আগস্ট ২০২৩ মাসে বিভিন্ন টিভি চ্যানেলে এটি প্রচারিত হচ্ছে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানে বিভিন্ন প্রচার মাধ্যমে মুভিটি প্রচার/প্রদর্শন করার নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে নির্মিত “মুজিব ভাই” অ্যানিমেশন মুভিটি সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক দেশের সকল জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ জাতীয় দিবস ও অনুষ্ঠানে প্রচার/প্রদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

১০-৯-২০২৩

অজিত দেব

অতিরিক্ত জেলা প্রশাসক

ফোন: ০১৮৯৬-১৭০০০১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জেলা কর্মকর্তা (সকল), নোয়াখালী
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
- ৩) সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী
- ৪) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
- ৫) অফিস কপি